

January - June 2011

\$5



www.shabdaguchha.com

Six Korean Poets in Translation

Editor: Hassanal Abdullah

Vol. 13 No. 3/4 January-June 2011 \$5

Editor: Hassanal Abdullah

Advisor: Jyotirmoy Datta

Assistant Editor: Naznin Seamon

**Consulting
Editor:** Leigh Harrison

Correspondents: AKM Mizanur Rahman (Bangladesh)
Prabir Das (India)
Nazrul Islam Naz (London)

**Special
Correspondent:** Romel Rahman (Dhaka)

Copyright © 2011 by Shabdaguchha Press
All right Reserved

Shabdaguchha, a Bilingual (Bengali-English) Poetry Quarterly, Published by the editor, from Shabdaguchha Press. Subscription rate is \$12 per year in the United States and \$15 in other countries. To subscribe, please send check or money order in US Dollar payable to Shabdaguchha.

All correspondence and subscriptions should be addressed to the editor:

Shabdaguchha, 85-22 85th street, Woodhaven, NY 11421, USA.

Phone: (718) 849 2617 E-mail: habdu056@aol.com

shabdaweb@aol.com

Web Site: <http://www.shabdaguchha.com>

Shabdaguchha accepts submission throughout the whole year. Poetry, written in Bengali, English or translated from any language to these two languages, is always welcome. Book review and news on poets and poetry could also be sent. Each submission should accompany with a short bio of the author. E-mail submissions are more appreciated, but Bengali written in English alphabet is not acceptable.

Shabdaguchha Press

Woodhaven, New York

ISSN 1531-2038

Cover Art: Jyotirmoy Datta

Editorial:

এই সংখ্যাটি প্রকাশের মাধ্যমে শব্দগুচ্ছর তেরো বছর পূর্ণ হলো। এক যুগেরও বেশী সময় ধরে সুস্থ ভাবে পত্রিকাটি প্রকাশ করতে পেরে আমরা আনন্দিত। এই পথ চলায় নবীন প্রবীণ অনেক কবিই আমাদের সাথে যুক্ত হয়েছেন, আবার কেউ কেউ ছেড়েও গেছেন। সম্পর্ক বিনির্মাণের ক্ষেত্রে সাধারণত নদীর উত্থান পতনের তুলনা করা হলেও, মনুষ্য যোগাযোগ সময়ের বিবর্তনে এতোটাই দৌদুল্যমান যে এর বাস্তবতা অনেক কঠিন ও ধারালো। অতএব আমরা যাদের সাথে এখনো হাঁটতে পারছি, তাদের কাছে কৃতজ্ঞ। তবে শব্দগুচ্ছর মতো একটি পত্রিকা কবিদের থেকে যা চায়, তা ঠিক সম্পর্কের সরল রেখায় মাপা যায় না; এখানে ভালো কবিতা এবং কবিতার উৎকর্ষই বন্ধন সুদৃঢ় করতে যথেষ্ট সহায়ক। তবে এই তেরো বছরে এমনটি ঘটেনি যে, কোনো কবি দপ্তরে লেখা বা চিঠি পাঠিয়ে উত্তর পাননি। কোনো কোনো ক্ষেত্রে নিজস্ব উদ্যোগেও পত্রিকা প্রতিভাবানদের সাথে যোগাযোগ স্থাপন করে লেখা সংগ্রহ করেছে এবং ভূমিকা রেখেছে কবিদের সাথে নিয়মিত কাজ করতে। অবশ্য সকলেরই জানা এই কাজের সাথে যুক্ত হয়েছে অনুবাদও। প্রসঙ্গত, “লিটল ম্যাগাজিন কোনো ব্যবসা প্রতিষ্ঠান নয়। শিল্প উপস্থাপনার এটি এমন একটি মাধ্যম যা স্বল্প সংখ্যক পাঠকের হাতেই পৌঁছায়।” সত্যি কথা বলতে, ওই স্বল্প সংখ্যক পাঠকই শব্দগুচ্ছর আরাধ্য। সেক্ষেত্রে সফলতার পাল্লা ভারি।

সবাইকে ধন্যবাদ জানানোর সাথে সাথে এ পর্যায়ে আমরা একটি নতুন প্রকল্পের ঘোষণা দিতে চাই: বাঙালী কবিদের জীবনী ভিত্তিক একটি ওয়েব সাইট আমাদের এখনকার লক্ষ্য। বাংলাদেশ ও পশ্চিম বাংলার কবিদের ছবি সহ সংক্ষিপ্ত জীবনী এবং প্রকাশনার খবরাখবর এই সাইটে সংযোজিত হবে। “বাঙালী পোয়েটস প্রোফাইল” নামে আপাতত পত্রিকার ইন্টারনেট ফ্রন্ট পেজে এটি যুক্ত থাকবে, যার কাজ ইতিমধ্যে শুরু হয়ে গেছে। আগ্রহীরা কবির জীবনী, বাল্যকাল, ও প্রকাশনার খবর ছবি সহ পাঠাতে পারেন।

২.

এই সংখ্যায় ছয়জন কোরিয়ান কবিকে উপস্থাপন করা হলো। এঁরা সবাই ক্যালিফোর্নিয়ার বাসিন্দা। কবিতাগুলো সংগ্রহে কবি স্ট্যানলি বারকানের সহযোগিতা উল্লেখ করার মতো। যদিও এই কবিরা মূল ভূখণ্ডের বাইরে বসবাস করছেন, তথাপি মূল ধারার কবিতার সাথে এঁদের যথেষ্ট যোগাযোগ রয়েছে। ফলতঃ এইসব কবিতা পাঠে বর্তমান কোরিয়ান কবিতার স্বাদ পাওয়া যাবে বলে আমাদের বিশ্বাস। অনুবাদও বেশ সাবলীল।

Yoon-Ho Cho**BLUE POND**

Under the sultry summer sun,
the water in the pond
slowly evaporates.

The blue pond
in my soul
made by you.

The water ran dry with your departure,
leaving my soul a wasteland,
so how shall I live.

O love,
with this parched throat,
how shall I live.

WILDFLOWER

Could there be anyone in this world
who has seen the perfect flower?

Being a flower is enough,
whether blooming in a garden
or blooming in a thicket.

I am a wildflower.
Aren't you as well?

Speak carefully,
for the moon might hear.

How ridiculous! He who seeks the perfect flower,
pushes his way through the thicket still unable to find it.

How can you not gaze upon it again and again?
For if it's a flower, it's beautiful.

AUTUMN LEAVES

When I went to the autumn forest,
"The door's not locked, come in,"
rang in my ears.

But the dazzling green leaves so bright
somehow wilting scarlet,
and after wondering what happened,

I realized they were the bloody marks
of words blurted thoughtlessly one spring day.

Belatedly I said,
"I love you! Please forgive me!"
then,

"Let's meet again next spring,"
and my heart like red leaves,
suddenly flaming, flaming, flaming.

Translated from Korean by Rachel S. Rhee

Meesoon Bae

THE WIND WITHIN ME

Everyone
lives
With a
pocket of wind inside.
Driven
from heaven to heaven
By the wind
within me
One way then
another, today and everyday
Am I a
balloon
that someone
else hold the string?

A NEW BEGINNING

A new road, a new field,
I'm on a journey to discover a new heaven.
My polluted daily living, my sleepy conscience,
Stricken and blown by the wind,
Along with my illusive and painful dreams,
Leave no trace anywhere.
The scent of an unknown future thrills my senses.
Unfamiliar roads spread out their tender branches.
I look around as I pass by one setting after another.
The sun sets upon a hill, and I see a new beginning.
Even if I may get lost and wander about this time,
I feel I can now venture into the flame of living.
'Once again, trusting him,
I'll lean on his warm shoulders.'

I'm on a journey
That smells like the coffee he brews,
Beautiful and more fresh because of its briefness.

Translated from Korean by Jacob Kim

SONG OF A WONDERING BIRD

There was a wandering bird,
long ago.

It couldn't sing enchantingly, so
its voice got hoarse, and hoarse.

There was a living bird,
wandering from one mountain to another.

“Don't ask me,
I'm not ready to sing yet.
Don't ask me.”

Even if it wandered
and any soft leaf or tender young grass,

“Don't ask me,
Don't ask me yet-
Don't ask me.”

Translated from Korean by Tina L. Sallee

Chung-Woong Bae

A WILD HORSE IN THE ANDES VILLAGE

During the dry season in the Andes village
Wind of every sort and kind is howling like a ghost;
Dry grasses in all shapes and sizes twirling and rolling.
Every man takes his woman in his arms early in the evening,
turning down the wick of a can lamp.
In the village
a wild horse is flickering like a wet fur on the ground.
Starving
She looks for a place where mountain weed sways
Bringing herself up there and licks the weed;
She looks for a rock, licks and then swallows it.
She makes this happen, doing what no man has ever done before
Giving birth to a rock looking like Buddha.
For long
Licking and licking four limbs of the rock
She pricks her ears up and listens to his breath born to be wild
Born to be petrified.
Maybe it's her uterus that aches
Sometimes she cranes her long neck
Cries out, cries out in the night sky,

A BRIEF THOUGHT ON FLOWERS

Flowers do not bloom;
They in fact cough up blood from all over their bodies.
Unlike us humans, they do that in colors of red, white and yellow.
Insensitive people, not knowing the divine harmony,
say the flowers bloom and they are beautiful.
Poets drink wine near them;
Some people cruelly cut off their necks,
put them in the vase, keep smiling at them;
Some wear them in their hair;

Not knowing it's the last kiss on one form of life,
 others kiss the flowers on the lips
 while, in and out of consciousness, their cut-off heads mourn their
 bodies.

SOME THOUGHTS ON A POTTED ORCHID

Someone brought
 a potted orchid over to my house.
 Then there may be some alien substance in the pot.
 A few days later, a number of orchid's roots
 all of the sudden, sprang up and came out.
 They started to stretch their arms
 into the air, into the air.
 This is something quite unusual if I do say so myself.
 Seems to my mere human eyes,
 some members of the orchid family ran away from home
 waving repeatedly, struggling for their lives with their handless
 hands.
 Isn't it true that there exists someone mysterious
 in the void space
 that holds those hands to save them?
 Even with her milk lines outside the pot,
 the leaves are rather wide wearing light green.
 Just as Buddha breathed his last
 and thrust his two feet outside the coffin
 to show to his disciples,
 so maybe they are displaying their last roots of life
 outside the pot this way.

Translated from Korean by Andy Kim

Ok-Bae Kim

IN YOUR LIFE

Though your glass is full of grief,
 Don't be sad
 'cause someone is more grief-stricken.
 Though your glass is full of pain
 Don't be suffering
 'cause someone is more suffering.
 Though your glass is full of despair,
 Don't be frustrated
 'cause someone is more frustrated.
 Though you were hurt by someone
 Don't feel hurt
 'cause someone is loving you.

Though you seem to be loaded too much
 Don't feel burdensome
 'cause someone is carrying more than you
 for your sake.
 Please don't give up on your life
 'cause someone is praying for you
 even at this moment.

Translated from Korean by Irene S. Yoon

WHAT IT MEANS TO BE GRASS

Beautiful is grass in that it sprinkles the scent of wind
 She gives gentle smile to children;
 She makes a remote hometown for the elderly.
 Blocked by flowers, she's unable to show off the spender.
 But she gives herself to be the good soil for the flowers
 And gladly makes way for the armful larch.

Trees grow old and die, flowers wither.
 But grass keeps standing there in silence, giving water to the
 ground.
 She gladly allows people to tread on her as they come in and out.
 Grass lay down in the wind and waves in the wind.

BUTTERFLY EFFECT

In the Brazilian land of everlasting summer
 A single flap of a butterfly's wings
 sends its wavelength through California all the way to the Pacific
 Maybe not the mathematical butterfly effect but
 it's one single man, Bin Laden that turns the world into culture of
 terror
 the lives on this polluted Earth is in growing pain
 Today it is my decision on which everything depends
 And more confusion engulfs us
 A single thought of mine becomes a colossal wavelength and leads
 to
 either destruction or construction.

Translated from Korean by Andy Kim

Chang Yoon Lee**AUGUST LILY**

As a lad, one out of my sisters whom I looked up
 That's true, so I was convinced,
 Only her love should be beautiful
 With a fragrant handkerchief
 The woman teacher of elementary school
 Swiped my nose
 Why was it me
 Out of so many snotty-nosed kids.

As I waited I would grew up stoutly
 To be feasible to love a girl
 And now I would expect her as such a girl
 Always secretly carrying in her apparel
 A handkerchief full of fragrance
 As though really had I such a belief
 I look at your fresh leaves
 August, waiting for being fully ripen
 The aroma of your flowers being entirely
 Fulfilled to the brim in my garden
 Out of so many snotty-nosed kids
 Why on earth she swiped my nose
 This much aged I am
 Now with those poems I write
 Shall they be all right
 If they are so beautiful?

DREAMER, STOP GOINGS YOUR WAY FOR A MOMRNT

I am a street tree, I know for certain
 I was captured and brought over here to paper over
 the painful and diseased part of the metropolitan civilization

Its structure was built of reinforced concrete, asphalt and cement
 I am one of those well-tamed herd that stand motionless in rows
 Absorbing all the dust, smoke and fumes

But when it's time for the last bus to leave for the terminal
 For the fruits of the street lamps to grow into amber color
 Let me, let us dream.

Let us storm out in the empty street
 Let us make noise, block the road and march in
 And as we run into angels of power
 Let us kick them with the toes of thee boots
 Like the extremist demonstrators in Korea
 Going to any other place would be our dream
 What a dreamy sight it would be, then
 To see our heads shattered by the batons of power
 To see the fragments of freedom broken into pieces
 But before dawn, let us hurry back to our places
 Let us stand as roadside trees as if nothing ever happened
 Let us stand another day saturated in the strength of the
 yesterday's dream

That I am a street tree, I know for certain
 Like the captives carried away to Babylon never to return
 Let us advance in years right here, dreaming
 Of course I know those people well-tamed by the
 metropolitan civilization
 They are at times too vulnerable to the exhaustion, moving on the life's
 uphill
 But they don't give up trying again and again and again to get
 a hold of the truth
 One thing they can do is to take out a bench under the shades
 we lay down
 So right here let the dreamers stop for
 a moment where they are going

THE POEM I WRITE IN NOVEMBER

Autumn has done his crying and walked away;
 the world, having lost its deafening ears,
 remains dumb for the time being.
 Yet in this season of uncertainty
 between autumn and winter,
 cold rains are falling quite often this time of year.
 Trees brace themselves for coming winter.
 When the shoulders of a lone tree are freezing
 other trees huddle around, get wet together.
 With them, so do my cold heart.
 I call it in, close the curtain and sit at the desk.

Though it's not on account of any and everybody's sin
 somewhat hesitatingly
 the first snow will cover all our hearts.
 Where in the world is the unforgivable deed?
 This is right about us humans who could were yet another layer of sin
 But my poem that no one reads
 is trying to reach that tearfully true soul.
 And it would desire a winter tree worthy of its name.

Under the inexhaustible snowstorm in the dark of the night
 how much more do I need to strip myself?
 One spring day
 when the fluffs on a seed leaf are shining in thee sunlight,
 I even for a short while may feel my heartbeat,
 hear the first cry of the male pheasant going by nearby.
 Then I wonder
 What kind of glance of the eye would my poem put on?
 Clad in borrowed jacket of the tearfully true soul
 the poem of mine would come softly behind me and pat me on my back.
 And this thinking alone inspires me
 in this inconvenient season of frequent cold rains
 to write a poem, though read by no one,
 and to wait for the first snow to fall.

Translated from Korean by Andy Kim

Hye-Shin Lim**A BLIND MERCHANT**

In the temple
on the long, round moonlit altar
I was waiting for my love.

As I was waiting
submitting myself to the dulcet wind,
the world was full of awe and marvel;
to live,
to live waiting for someone.

Stars in the sky were ripening
like snow blossoms just about to fall;
the deep static of silence, the anxiety,
the pistils of ecstasy.

"Don't stop,"
the Lord promised, so I was waiting
for my love,
the purest revelation shining down
through the golden hairs of Pluto and Uranus,

"Soon there would be no more pain,"
so on the altar, my desire was sweet and
naive as deer's blood.

Since I did not know
that the temple was a market,
I was a poor merchant
selling chickens and rouges,
and my love had passed me long ago,

Since I was blind,

my flesh was warm and tender
like a loaf of bread,
while I was waiting so long
sitting with chickens and rouges under
the halogen lamp ferociously flaring
like the eyes of a lion.

TERROR IS A BAKERY

She was uncomfortable. Sort of sad when
fussy customers rushed by, sitting in a bakery
among well risen loafs. In the sweet aroma of
butter, once she finished beating and puffing,
she would rather not concern herself with
others' business. But she did it anyway.
Rumors were radical. Rumors that the world
might end tomorrow or next month, or one
third of the earth would be eaten by monsters
from outer space flew in and out like swirls of
wind on the street. The insides of warm and
soft dough were cozy at least. So she could
handle dark secrets of life pretty much freely.
But it was not easy, as soon as she stepped out
of the door. In the bakery at the end of the
street, she was a bit worried and questioned
sometimes. On the counter, under the bright
spring sun rays, not only dinner rolls could
became rotten. Soon the fresh body odors
would be decomposed, and mildew would
grow to kill others and others' others with no
question, with no resistance. So the bakery
girl with deep brown eyes was somewhat
uneasy until the last moment came, and, like a
flock of crows, black bombs from nowhere

blew out the roof, the windows, and her gently
breathing sweet heart...

A STREET LIGHT IN THE FOG

Is he writing a novel here? An old observer,
grabbing the wrist of a mysterious accident like a
pen, is bending down on a paper cavernously dark.
As if he is a miner searching for cold coal lines in a
cave. Along with his finger tips, the unknown
sorrow of autumn is squirming up like tiny, soft
crickets. Who in the world is the sweet, austere
scent of a 7th plot for? Heavy fog, swirling out and
low around his ankles, refuses to rest until it
reaches far away interstates of the darkest velocity.
Fog, fog, muffled cries. He wouldn't end the story
like this; however the story seems to be ending
now. The story of ten million people loving,
betraying, and redeeming each other in the city of
infinite depth and pinnacles, The Seoul Elegy.

Maria Bennett

wasf for the loved one

your eyes like half-filled wells
without them I cannot see my body
your mouth a compass
without which I cannot navigate this delirium
your arms thick as fir branches
 bearing me aloft
 without them I would be so close to the ground
your legs open harbors
 weighing my balance
 without them I could not circle you
 in this dance of remembering

finding my religion

i worship
 this place
 in the crook
 of your
 neck

my fingers
 tithe
 to the blue
 of your eyes

i whisper hosannas
 into the seashell
 of your ear
 on the prayerbook
 open
to your longing

New Jersey

রাসেল আহমেদ

বিপ্লব এবং কয়েদী

লোহার গরাদগুলি খুব বেশী উঁচু নয়, বড়জোর দু'মানুষ—
আধমানুষ ফাঁকা; হাত বাড়ানো যায় সন্তর্পণে
সিগারেট যদি মিলে যায়; দু'চার শলাকা মিলেও যায়।
মুদ্রার শব্দে পানীয়ও মেলে—জিভে কড়া

কিন্তু মস্তিষ্কে খুব ঝড়

যেমন করে গুটলি গুটলি ধোঁয়ায় আচ্ছন্ন এবং আবছা হয়
বাতাস—মাথা বিম্বিম্ব করে, চোখ সামান্য নেশাতুর
অবিকল তেমনি প্রিয়জনেরা এসে ভিড় করে
শ্রেতের মত—

খুব বেশী দূরে নয়, পড়ে থাকে গার্ডের একজোড়া পাম্পশ্যু
পাক খেয়ে উঠে আসে মোজা খোলার পরবর্তী ভ্রাণ;
কয়েদীকে ফেলে রেখে গেছে তারা

নিষিদ্ধ সম্বোধনে...

ঘুলঘুলির ফাঁক দিয়ে দিনে যেই উত্তপ্ত রোদটুকু আসে
কয়েদী সে রোদটুকু পিঠ দিয়ে শুষে নেয়

হাতের আঙুল দিয়ে,

নখ দিয়ে শুষে নেয়;

অবশিষ্টটুকু তার জিভ দিয়ে—

মনে হয় প্রিয়জন উঁকি মেরে আছে।

খুব প্রিয় প্রিয়জন, ভ্রাণ পায়, অথচ সে কিংবা তারা

দেয়ালের বাইরের দেশে।

এপাশের পৃথিবী যতটা নিষিদ্ধ ওপাশের দৃশ্যপট

ততখানি রহস্যময়; এখানে দেয়ালজুড়ে চকের আঁকিবুকি

এবং কয়লার দাগ

(এককালে হীরে হোত—ভেবে খুব একচোট হাসি হেসে নেয়)

ঘনকের এককোণে প্রসাবের কটু গন্ধ,

বমির দাগ (এটুকু তার নিজের),

মলের শুকনো দাগ...

সম্বোধ শেষ হলে গার্ড ফিরে আসে—

সাহেবের উচ্ছ্রেষ্টেই তার একটু বিশেষ ভক্তি;

তার হাতে রেডিওর গুনগুন-আলো

সেখানে দেখতে পায় কয়েদী মিছিলের শুকনো খবর

সেখানে দেখতে পায় মিছিলের মুখগুলি রক্ত বিকিয়েছে

খুব সস্তায়

সেখানে দেখতে পায় মিছিলের মানুষের নিম্নপোশাক।

ফেলে রাখা পাম্পশ্যু ধীরে ধীরে পায় গলায়

চাকরিজীবী গার্ড

পায়ের তলায় সেই মিছিলের মুখ;

কয়েদী দেয়ালে রাখে পিঠ, সন্তর্পণে চোখ বোজে...

ঘুলঘুলির ফাঁক দিয়ে তখনো চাঁদের স্নান আলো

আসে, বাস্তবের সাথে মিশে যায়;

চ্যাপা শূটকির মত বালিশে একটা উঁকুন আর

মৃত তেলাপোকা

কয়েদীর এইমাত্র মৃত পড়ে থাকা দেহের সাথে তাদের

সামান্য পার্থক্যও নেই!

হুইল চেয়ার

তখন তিনি সন্তর্পণে বসলেন

চেয়ারে মানুষের মত দু'টি পা

এবং গাড়ির মত চাকা

সামনে একটা কাগজ আর কাঠপেন্সিল

তিনি লিখতে শুরু করলেন।

প্রথমে লিখলেন, 'ভালো থেকো।'

তারপর, 'কেমন আছো?'

—কোন সম্বোধন নেই।

কাগজের টুকরাটি একটি খামে ভরে

মুখভর্তি দাড়িঅলা চাকরকে ডাকলেন,

'বস্ত্র ফেলে আয়।'

শ্রেরক কিংবা প্রাপকের কোন নাম কিংবা

ঠিকানা নেই।

আমি তার খুব কাছে আসলাম

কাঁধে হাত রেখে জিজ্ঞেস করলাম,

'কার কাছে লিখলেন?'

অল্পক্ষণ নীরবতা, তারপর
চোখ ঘষে বললেন,
'হুইল চেয়ারের কাছে।'
বললাম, 'আমি ভেবেছিলাম দেশের কাছে—'
সত্যি তাই ভেবেছিলাম।

তিনি আকাশ-বাতাস কাঁপিয়ে হাসতে লাগলেন।
আমি কান চেপে তার হাসি থামার
অপেক্ষায় রইলাম...

কতদিন

কতদিন...
মনে আছে, কতদিন?
কতদিন চোখ নেমে যায় আলগোছে
দেখা হলে
বুড়ো আঙুলের মাটির শরীর জুড়ে ব্যথা;
মনে আছে?
কতদিন আমরা অন্ধ
তোমার চোখের মাঝখানে কাজলের বদলে
ঢেকিছাঁটা চাল
আমার চোখে সুরমার বদলে
ধূলোবালি আর মরণভূমি
মনে আছে? কতদিন...

আর কতদিন আমাদের দুই চোখে
ভালোবাসার বদলে খেলা করবে
দু'মুঠো ভাতের জন্য লোভের কানামাছি?
কতদিন...

ঢাকা

কালীকৃষ্ণ গৃহ

বসতবাড়ি

দেশ স্বাধীন হবার আগে আমাদের বসতবাড়িটি ছিল
গাছগাছালিতে ঘেরা।
আম জাম সুপারি নারকেল আতা খেজুর নিম—
আরও অনেক রকমের গাছ।
কিছু দূরে বাড়ির একটা দিক ঘিরে
পরিখার মতো বাঁশঝাড়।
বাড়ির উঠোনেই বিশাল একটা
বেলগাছ—
প্রকৃত গৃহদেবতার মতো।
বাড়ির মধ্যে ছায়া ও শান্তি প্রবাহিত হচ্ছে মনে হতো।

মাঝে মাঝে কাল বৈশাখীর ঝড়ে পুরোনো গাছ উপড়ে পড়তো।
কখনো অনেক ডাল ভেঙে পড়তো।
কিন্তু গাছ-কাটার কথা ভাবাই যেত না।

আট বছর বয়সে এক মেঘলা দিনের বিকেলে
প্রথম একটা আমগাছ-কাটা দেখেছিলাম

বাবার মৃত্যুর পর

তাকে পোড়ানোর জন্য।

বাড়ি- ফেরা

ছেলে অনেকদিন পর আজ
বাড়ি ফিরবে।
বাবা হাসপাতাল থেকে গতকাল বাড়ি ফিরে এসেছে।
এখন তার ছেলের জন্য অপেক্ষা।
তার দুর্বল শরীরে আনন্দ ছড়িয়ে পড়েছে।
সন্ধ্যা ঘনিয়ে এল।
ছেলে দরজার কড়া নাড়বে ঠিক মধ্যরাতে।

এর মধ্যে আর কী কী ঘটবে?
বকুল তলায় গুরু হবে পোকামাকড়ের মিলনোৎসব
যুবকযুবতীরা পরস্পরের দিকে উড়ে যেতে গিয়ে
দেখবে তাদের পাখা নেই
ক্যানেস্তারা বাজিয়ে রাস্তা পার হবে পাগল।

এখন শুদ্ধ-কল্যাণের সময়
সকলকে অবাক করে দিয়ে বেজে চলেছে
শুদ্ধ-কল্যাণ...

ধর্মগ্রন্থ

একটা বকুল গাছের পাশে লম্বা একটা
খাট পাতা আছে।
সারাদিন সেই খাটটিতে শুয়ে থাকি।
কিছু দূরে একটা নিমগাছ।

সারাদিন শুয়ে থেকে বই পড়ি আর গান শুনি—
শুনি বাউলফকিরের গান আর
তাদেরই একজন রবীন্দ্রনাথের গান
আর
গাছদুটোর দিকে তাকিয়ে থাকি।

বুঝতে পারি সময় দ্রুত কমে আসছে
কমে আসছে ভয়।
ক্রমশ ধর্মপ্রাণ হয়ে উঠছি মনে হয়।

সামনে খোলা ওই গাছদু'টি আমার ধর্মগ্রন্থ, যা
দিনের পর দিন পাঠ করে চলেছি...

কলকাতা

সরদার ফারুক

ক্যাথারসিস

অন্তর্গত অন্ধকারে ডুবে
তুলে আনি শূন্যতার অয়স্কান্তমণি।
একে তুমি পলায়ন বলো,
বলো মনোবিকলন?
পথ থেকে সরে গিয়ে বিপথেই হাঁটি;
পাথরে পাথর গেঁথে ভাঙি স্থাপত্যের
যাবতীয় পুরনো ধারণা।
একে তুমি নির্বাসন বলো,
বলো উন্মার্গগমন?
অন্তর্গত অন্ধকারে থাকি
এইতো আমার অমল ক্যাথারসিস!

বাবিলের প্রতি

এ বিচার গ্রহসন মাত্র
গোপন উদ্যোগ থাকে ভেতরে ভেতরে।
সহসা বদলে গেলে স্বর
বৃথাই বিস্মিত।
রক্তপাতে ভিজে গেছে ভূগোলের পাতা
ইতিহাস কীটের খোরাক।
সৌরকলঙ্কের চিহ্ন যুক্তির ফাটলে
বিজ্ঞান নিজেই ক্রীতদাস।
বিশ্বায়নে সেজেছো বাবিল
মানুষের রক্তচোষা বেবুশ্যে নগরী!

সত্যের মুখ

সাপের খোলস হয়ে খসে পড়ে পিউটার স্কিন
'চরিত্রবেতি' বলতেই অন্ধকার পাখা সাপটায়
হায় কান্তিবিদ্যা, হায় অদেখা শিখর
আত্মহনের গুপ্ত প্ররোচনা শাপগ্রন্থ প্রাচীন নগরী!

ধাতুবিদ্যা এখনো জানিনা
কি করে পৃথক করি আকরিক থেকে
অপদ্রব্য, অমূল্য খনিজ?

শিরোপায় কাজ নেই লাঞ্ছনা দিওনা
বোধিবৃক্ষতলে বসে তিতিক্ষু শ্রমণ।

জ্যামিতির কথা

গোপন ত্রিভুজ থেকে সূত্র নিয়ে গুহার মানুষ
আদি গৃহ বানিয়েছে বুনো ঘাস ডালপালা দিয়ে?
অভিজ্ঞতা ছাড়া কিছু নেই;
গোলাকার চন্দ্র দেখে—নারীর সুগোল স্তনে পেয়েছিলো বুঝি
চাকার সংকেত? জ্যামিতির এই গুপ্ত কথা ভেবে
শিহরিত। অভিজ্ঞতা নেই, তাই স্বপ্নেও আসোনি
অন্ধ ঘুমে তীক্ষ্ণ সূচ বিঁধে বিঁধে যায়।

জন্তুর নখরে

জন্তুর নখরে ছিঁড়ে ফেলো
ছিন্নভিন্ন হই।
হেমন্তের বারা পাতা, উড়ি;
দূরে যাই শিমুলের তুলো
ক্ষিপ্ত ধূলো-ত্রাসরেণু আলোর ভাষায়।

কোথাও বরছে অগোচরে
ফোঁটা ফোঁটা শুষ্কতা আরক?
দূরস্থিত ছায়াপথে কোথাও জ্বলছে
অলখ সূর্যের শিখা?

ঢাকা

সুমন ধারা শর্মা

প্রশংসার মতো, যন্ত্রণার মতো

সারিবদ্ধ গাড়িগুলো স্তম্ভিত প্রাচীরের মতো অতিক্রম করে হ্যালোজেন সীমান্ত
রেখা--নৈসর্গিক কলোনীর জীবনযাত্রা, অশ্বমেধ ও পীথাগোরাস যেখানে
অবহেলিত পড়ে থাকে। যন্ত্রণার সূত্রপাত আবিষ্কৃত হয়নি বলে কোরাস
গাইবে না যৌথ দুশ্চিন্তাগুলো, খবরের কাগজ হাতে পাশে বসবে না কোন
শ্রোতৃ—এখন কার্ফু, রাত হলে যারা জলখাবার খোঁজে। হাসপাতাল থেকে
স্ট্রেচারগুলো পৌঁছে যায় চৌরাস্তার মোড়ে। যাদের প্রশংসার বিষয়গুলো
যন্ত্রণার মতো উদ্ধত—বেয়নেটের সামনে সর্বসাকুল্যে অযুত হাতগুলো, পিঠে
বাঁধা বারুদগুলো দেশলাই কাঠি খুঁজে সারারাত কাটিয়ে দেয়। সকাল হলেই
যন্ত্রণা ঘুমিয়ে পড়ে। গাঢ় সূর্যের পাশে বারুদগুলো পড়ে থাকে অযাচিতের
মতো।

যদিও কোন প্রার্থনা নেই

এসো, হাঁটু গেড়ে বসি
যদিও কোন প্রার্থনা নেই
মহাজাগতিক ব্ল্যাকহোলগুলো ঘিরে আছে আলোকবর্তিকা
সঙ্গিন উঁচিয়ে টহল দেয় ফৌজ
যে কোন অ্যাটাকই অন্ধকার প্রার্থনা করে

এসো, হাঁটু গেড়ে বসি
যদিও কোন প্রার্থনা নেই
উপর্যুপরি ক্যামোফ্লেজ বুলেটগুলো ঠাণ্ডা জলের
গল্প শোনার প্রতীক্ষায়

যে কোন ক্যাম্পই সেই অসাধারণ
এনকাউন্টারের পর বিধ্বস্ত পড়ে থাকে

এসো, হাঁটু গেড়ে বসি
এখন প্রার্থনার সময়
চোখে ঠুলি পরে লতাপাতার আড়ালে
ঠাণ্ডা বন্দুকের নল

সামার প্যাকেজ

রোগগ্রস্ত শিশু, হতদরিদ্র ভিখিরির দল
 শুক্রাণুসৃষ্ট অনুশীলনের পর
 পায়ে পায়ে হেঁটে যাবে, না চার্চ নয়,
 ভাগাড়ের দিকে সপ্তাহের শেষদিনে।
 বৃহস্পতিবার যেসব বস্তি জ্বালানো হয়েছে
 তাদের বাসিন্দাদের জন্য আজ নিরামিষ খিচুড়ি বিতরণ।

তাপ্তি দেওয়া প্যান্ট, উলুখাগড়া ও ছেঁড়া কামিজ,
 রংচটা জুটের বস্তা, গণতান্ত্রিক শীতে চুপ থাকার রহস্য।
 সস্তা রাজনৈতিক পতাকা গুঁজে দিলো ত্রাণের মধ্যে
 অবসাদের নিত্যনৈমিত্তিক সঙ্গীত,
 যা বিটোভেন বা বাখ-সৃষ্ট নয়

অজস্র ধন্যবাদের সঙ্গে কফিন
 আমিষ শিশুর সত্তা ও অবভাস
 ক্যান্সিসের জুতো ছুঁয়ে পড়ে থাকা বলের মতো গুবলেট।
 উপেক্ষাপূর্বক যারা পায়ে পায়ে হেঁটে যাবে,
 না, উপনির্বাচন বা সেরিব্রাল নয়,
 ভাগাড়ের দিকে
 তাদের জন্য আজ পুনর্বাসনের অ্যাপ্লিকেশনে রাজনৈতিক তদ্বির

সমস্ত দহনের পর বিলি বন্দোবস্তের লাইনে
 মানচিত্র আঁকা যায়। মানুষের মাথাগুলো গোনা যায়
 যত্রতত্র—যার মধ্যে বেশকিছু কুকুরের মাথা
 ঢুকে পড়ে আর বেরিয়ে আসে
 ত্রাণের কক্ষলের মধ্য থেকে

কলকাতা

নাজনীন সীমন

শোকের বয়স

আজ রাত একটায় যদি মারা যাই আমি
 কক্ষপথ থেকে কতটুকু সরে আসবে মানুষ?

শোকের বয়স বেশী নয় জেনেও আত্মহী হই
 এর প্রকৃতি জানতে, পরিবার থেকে স্বজন এবং
 বন্ধু আর সহকর্মী, তারপর প্রতিবেশী আরো পরে
 মুখচেনা কিছু মানুষ এবং...

আর কেউ নয়—যতই এগোই দুঃখের ঘনত্ব
 কমে যায়—

এমনকি

আমার মাথার বালিশও নির্ভার নিশ্চুপ থাকবে,
 প্রিয় সবুজেরা জানতেই পারবে না আমার অনুপস্থিতি...

চারটি দেয়াল

চারটি দেয়াল, মাথার উপর আয়তাকার ছাদ
 দু'টি কি একটি জানালা, কাঠের দরজা ছিটকিনি
 আঁটা—ভেতরে দু'জন পূর্ণাঙ্গ মানুষ।
 সুনসান চারপাশ—কোলাহল চতুর্দিকে
 ভেতরে দুরন্ত রক্তের উন্মাদনার খেলা...

আকাশের নিচে সবুজ ঘাস,
 দূরে কোথাও সবুজ আর নীলে মাখামাখি
 ঘরের ভেতর স্বচ্ছ সমর্পণ
 মিলেমিশে খানখান হয়ে যাওয়া...

নিউইয়র্ক

মুনীব রেজওয়ান

বাতাসের গান

আজকাল তোমার কবিতাগুলো চায়ের কাপে ঢেলে
বড্ড আয়েশে পান করি নাস্তার টেবিলে।
চিনি, গুড় কিম্বা দুধের বদলে দেই ভোরের এক চামচ রোদ!
তাতেই চনবনে সারাবেলা।
রাত হলে ঢেলে দেই খানিকটা চন্দ্রপ্রভা
খোলা বুক হুড়মুড় ঢুকে যায় রূপালী তারার গন্ধ
অজানা গন্তব্যের জাহাজ ঠিক ভেড়ে স্বপ্নের বন্দরে।
বড্ড অচেনা সময়! এখনো তবু কথা হয় আমাদের—
"কেমন ঘুমিয়েছো রাতে কিম্বা এই স্বপ্নটার মানে কি বলতো?"
একই নিয়মে, একই সেই কিন্নর, রিনিঝিনি, মোহময় যাদুর বাঁশি।
আমাদের প্রিয় গানগুলো আজো তুমি গাও অবিকল প্রথম দিনটির মতো—
এখনো "ছন্দে, বর্ণে, গীতিতে" নেচে গেয়ে নদী হয় পাহাড়ি ঝর্ণা

স্মৃতিগুলো স্বর্ণলতার মত পেঁচিয়ে ধরে হাত পা, কোমরের ভাঁজ
ভেতরে কোথাও টের পাই কালিদাস লিখছে খসখসে মেঘদূত;
হেমন্তের কণ্ঠে শ্রবণোত্তর বেজে চলে "কান্দ কেনে মন।"
ক'ফোটা জলেই কেমন ছিঁড়ে যায় ভেজা পাণ্ডুলিপি
একদিন সমুদ্রের "সবটুকু" চেউয়ে চড়ে উঠে এলে
জাপানের সুনামি নিয়ে একটা কবিতা লিখো

আমার বোধের অগম্য দূর অরণ্যে
বাতাসে ভেসে আসে কার যেন কবিতার মসৃণ উচ্চারণ—
এগিয়ে যাই অরণ্যের আরো গভীরে যেখানে গিরিখাদ
সাগর, নদী, পাহাড় ডিঙ্গিয়ে এক উড়ে আসে গিরিবাজ
প্রতিটা পালক খুঁটে খুঁজি কার স্পর্শ আমি?
বিভ্রম বিস্তৃত হয় আকাশের নীলে
যখন গগন-ঘুড়ি ঝুলে থাকে বিজলির তারে।
সেদিনের জন্য হে জোড়া দীঘি, রেখে দিও তোমার জলটুকু—
জীবনের মহাকাব্যটি একটানে লেখা চাই
শুধু মনে রেখো কাজল রেখা পেরিয়ে গেলে
একফোঁটা জলের কমতি আমি মেনে নেবো না কিছুতেই।

পাথর সময়

থেমে গেছে বায়ুকল।
গতি আবর্তে বাতাস নেই ফুসফুসে
প্রগাঢ় কষ্টের কালোমেঘে দুন্দাড় আছড়ে নামে পাহাড়ি প্রপাত।
হৃদযন্ত্র ফুটো করে আবার বেরিয়ে যায় গোলাপ কাঁটার গলিত পাপড়ি।

একদা শত্রুও যে মুখোশ বাড়িয়েছিল ফুলেল হাতে
সেই এখন আবাদ করে আমার সুজলা জমি, হয়তো বুনবে বীজ
অতি শীঘ্র কোন এক মাঘী পূর্ণিমার রাতে।

আলোছায়া অন্ধকারে ডেকে যায় অলিন্দের শুক-সারি।
চোখ বুজে জেগে থাকি নিঝুম বনের অন্ধকারে একা।

রাতের আকাশ থেকে নীরব নিঃশব্দ বেড়ালের মত নামে বৈধব্যের চাঁদ।
নিউরন-নার্ভসেলে ছুঁছে ছুঁছে; স্যাঁতস্যাঁতে গর্তে
ঢুকে যায় বাদামী হুঁদুর বনভূমির ভাঁপা মাটিতে।

আচমকা দুলে ওঠে চেতনার উঠোনে ডালিম গাছ;
নদী ভাঙে...নদী ভাঙে...
অজগর নদী গিলে খায় পূর্বপুরুষের ভিটে
এক চিলতে উঠোনের রোদটুকু নেমে যায় জলে...

জার্মানী

প্রাণজি বসাক

প্রতিবেশী

সিঁড়ির অঙ্ককার পেছনে ফেরে
 উঠে আসি নির্লোভ ড্রয়িংরুমে
 দোতলায়
 প্রাইভেসী বলে ধর্তব্যে কিসসু নেই
 বেবাক দরজা-জানলা উনুখ
 প্রতিবেশীর খাতিরে

তোমাদের ডাইনিং টেবিল জুড়ে কবিতার ডিশ
 পাকাপেঁপের গলা মাংসের দ্বন্দ্ব
 প্রহর গোণে দ্বিপ্রহর
 অথবা ওপাশের উৎসুক ঈর্ষা

আমরা অনায়াসে নেমে আসি জোনাকির খোঁজে

মহাজনেরা গজল শুনবে রাতভর

আজ আর কোনো প্রস্তাব নয়
 কোনো কথাও নয়

এই বর্ডার লাগোয়া জেলখানা
 লাগাতার টহল পড়বে পুলিশের
 অশান্ত বন্ধুরা শান্ত হবে
 দাম চড়বে ঠিকানার
 বহুমুখী উত্তেজনায় উদাস জ্যোৎস্নায়
 মাখামাখি হবে পাগলীর খণ্ড-স্বপ্ন
 অ্যাসাইলামে আসা মহাজনেরা গজল শুনবে
 রাতভর
 রিক্সায়ালা নির্ভয়ে যাবে নন্দনগরী
 চটুল সিনেমায় ভেজাবে মন নাইট শো-তে

আমরা শুধু হাত ছোঁবো

শেয়ার-অটোয় শাহদরা—প্রাচীন পকেটে
 হীরা সুইটস্-এর তাজা বালুসাই তৎপরতা

কোনো কথা আর নয়
 কোনো তরল প্রস্তাবও নয়

সন্ধ্যা শেষে শীতের রাত মনে করাবে
 এক মাঘে শীত যায় না

আরো আরো মাঘ আরো আরো শীতে শীতাত্ত হবে

জাল ফেলে তুলে আনি সামুদ্রিক চেউ

গল্পের গিঁট জড়ালো রাত তখন তিনটে
 ভোরের নিম-আলোয়
 কল্পবাজারের ঝাউবন কাঁপছে

যৎসামান্য অনুকম্পা শিবিরে
 আমাদের কোনো দল নেই
 দলহীন আজব স্বপ্নের মহড়ায়
 কতটা গভীর কতটা নৈঃশব্দ্য প্রয়োজন
 তার চেয়েও অধিক বরফশীত যেন
 ছেঁয়ে গেছে হৃদয়-নামক বাসাবাড়ীতে

নিজ নিজ গল্পসহ আমরা স্নান করতে নামি
 সমুদ্রে শরীর ভাসে ভাবনা ভাসে সম্পর্ক ভাসে

নতুন থেকে নতুনের জাল ফেলে তুলে আনি সামুদ্রিক চেউ

নতুন দিল্লী

সুবীর সরকার

গান

১.
 যোগ বিয়োগের করতলে কিছু নাচগান
 কেউ গাইবে হয়তো
 রচনাবলী
 রাতের জঙ্গল এখন ওয়েবজিনে
 হাতিঠাকুরের দেশ। স্বরলিপি
 পাশ ফেরে

২.
 বুলন্ত সেতু। খোলাজল।
 রোদ ও সীমান্তপিলার
 পাশাপাশি
 সরু রাস্তা। হামাগুড়ি—
 দীর্ঘ ভ্রমণের আগে
 কালানিমাঠ

কলকাতা

রবিউল মানিক

প্রজাপতি

গ্রীষ্মকালটা সে কাটিয়েছিলো ফুলে ফুলে
 ডানায় পরাগ মেখে
 উদ্দাম রোদের মাদকতায়
 নিষিক্তকরণ জ্ঞান পরিণত করেছিলো ফুলে
 নিজের অজান্তে আর অবসরে শুনেছিলো পাখ-পাখালির
 চন্দ্রগীতি—তারপর যখন তুমারে ঢেকে গেলো
 গোটা পৃথিবী, শুকিয়ে গেলো বাগানগুলো,
 ঝরে গেলো ফুল, সূর্য ঢাকা পড়ে গেলো মেঘের আড়ালে
 হিম বাতাসে ছড়িয়ে গেলো বিষাদের
 করুণ নিনাদ, শুভ্র চাদর মুড়ি দিয়ে ঝিমালো পৃথিবী

সে তখন খুঁজে নিলো পাথরের এক গুহা এবং
 তার হৃদয় বিদীর্ণ করে বের হলো
 করুণতম ক্রন্দন! মুখ খুবড়ে
 পড়ে রইলো অনন্ত পাথরে।

ঢাকা

কাউসারী মালেক রোজী

সঙ্কান

পর্বতমালার কোঁচড়ে যেখানে
মহানন্দে ঘুমায় মেঘেরা
আমি সেখানেই পেতেছি আমার ঘর;
প্রতিদিন বেগী গাঁথে
সরব পানির স্রোত
পাহাড়ের মায়াবী খোঁপায়
ফোটে বনফুল ।

তুমি হাত মোজা টুপি টাই খুলে
নদীতে সাঁতার দেবে
আর অবিরাম উল্লাসে কপালে
খুঁজে নেবে শিশিরের ছোঁয়া
দিনে কিম্বা রাতে—
আলস্যে আনন্দে ।

পেনসিলভেনিয়া

হাসানআল আব্দুল্লাহ

জবাই

সজ্জানে এগিয়ে দেয়া আমার গলায়
তোমরা যখন সজোরে চালাও ছুরি
আমি নীরব দৃষ্টিতে
তোমাদের সঞ্চালিত হাতগুলো দেখি

রক্তের লোহিত ধারা
তির তির করে মেঝেতে ছড়িয়ে গেলে
মনে হয় কেউ একজন
লালের ঘনত্ব বাড়িয়ে দিয়েছে

মাথাটা আলাদা হলে
ফুটবলের মতন ছুঁড়ে দাও
প্রকাশ্য রাস্তায়
আর দেহকে টুকরো করে কেটে
চড়াও তাতানো কড়াই-এ

সঙ্ক্যা সমাচার

সাজানো সঙ্ক্যার বৈরী ঈশ্বর
কতোটা বদ হলে ভাঙবে সংসার
যদিও শেষ বার
খবর আনবার সহজ অধিকার কখনো থাকবে না
একলা একাকীর । ভাঙবে আটটার
অথবা সাতটার সকল আয়োজন ।
ভাঙবে গুরুদেব ভাঙবে শিশুরাও
নদীর পাড় ভাঙা উথাল স্রোত এসে
বিশাল জমিগুলো
যেভাবে খানখান;
ভাঙবে মাঠঘাট, ভাঙবে জনসভা
ভাঙবে আলগোছে হাজারো ভেবে রাখা স্বপ্ন সম্ভার;
বিপুল ঝড় এলে যেমন ভেঙে যায় সুখের ঘরবাড়ি ।

দিবস ভেঙে গেলে দিনও ভেঙে যায়—
সন্ধ্যা ভেঙে গেলে রাতও ভেঙে যায়
খুঁটির ভেঙে গেলে যেমন ঘরখানা ।

আমি যে সন্ধ্যাটা এখন সাজলাম
কিন্মা দিনক্ষণ বছর ধরে ধরে
অথবা মানুষের পায়েও পড়ে পড়ে
যেসব সন্ধ্যাকে দিয়েছি রূপরেখা
ধুলোর গুঁড়ো তারা হাজার পায়ে নখে এখন আছড়ায় ।
একাকী একা তাই
আঁধারে জড়োসড়ো গভীর রাঙা চোখ
রাতের দেখা পাই । সন্ধ্যা ভেঙে গেছে
ভেঙেছে মনটার
এধার ওধারও
সন্ধ্যা ভেঙে গেছে, ভাঙবে আবারও ।

২

আঠারো ঘণ্টায় সন্ধ্যা সাজলাম
দমকা হাওয়া এসে
ভাঙলো যার সব
এখন তার শব
আঁকড়ে বসে থাকি । এমনি দিন যায়,
এমনি মাস ক্ষণ কালের দাবানলে
বিলীন হয়ে গেলে
এমন সন্ধ্যার কথাও সকলেই
সমান ভুলে যাবে ।

নিউইয়র্ক

SHABDANEWS:

শব্দগুচ্ছ পুরস্কার ২০১১ জন্য মনোনয়ন পেলেন পাঁচ কবি

উত্তরাধুনিক বাংলা কবিতায় শব্দগুচ্ছ কবিতা পুরস্কার ২০১১-র জন্য প্রাথমিক ভাবে মনোনীত হয়েছেন আশিস দাশ, জাহানারা পারভীন, কবির হুমায়ূন, রাসেল আহমেদ ও রেজওয়ানুল ইসলাম রুদ্র । এঁদের মধ্যে একমাত্র আশিস দাশ পশ্চিম বঙ্গের ও অন্যরা বাংলাদেশের কবি । আগামী ১৬ ডিসেম্বর পুরস্কার প্রাপ্ত কবির নাম ঘোষণা করা হবে । পুরস্কারের অর্থমূল্য ২০০ ডলার ও একটি ক্রেস্ট । উল্লেখ্য প্রতি দু'বছর পরপর শব্দগুচ্ছ পত্রিকায় প্রকাশিত কবিদের মধ্যে একজনকে ২০০১ সাল থেকে এ পুরস্কার দিয়ে আসা হচ্ছে । ফেসবুক, ইমেল ও পোস্টাল মেলে যারা মতামত দিয়ে মনোনয়ন প্রক্রিয়ায় সহযোগিতা করেছেন তাদের সকলকে শুভেচ্ছা জানানোর সাথে সাথে মনোনীত কবিদের শব্দগুচ্ছ পত্র থেকে অভিনন্দন জানানো হয়েছে ।

কবি হাসানআল আব্দুল্লাহ'র ৪৪তম জন্মদিন পালন

ওয়াশিংটন আর্ভিং হাইস্কুল

নিউইয়র্কে ভিন্ন তিনটি অনুষ্ঠানের মাধ্যমে ১লা বৈশাখ (১৪ এপ্রিল) উদযাপনের সাথে সাথে কবি হাসানআল আব্দুল্লাহ'র ৪৪তম জন্মদিন পালিত হয় । প্রথম অনুষ্ঠানটি হয় ওয়াশিংটন আরভিং হাইস্কুলে বাংলা ক্লাবের উদ্যোগে । বিপুল সংখ্যক ছাত্রছাত্রী ও শিক্ষকদের উপস্থিতিতে স্বাগত বক্তব্য, ভিডিও শো, কবিতা আবৃত্তি ইত্যাদির ভেতর দিয়ে বৃহস্পতিবার, ১ বৈশাখ, এ অনুষ্ঠান হয় স্কুলের ৫২৬ নম্বর রুমে । স্বাগত বক্তব্য রাখেন ক্লাবের প্রেসিডেন্ট ও একাদশ শ্রেণীর ছাত্র আবুল খায়ের অনিক । আরো বক্তব্য রাখেন স্কুলের ভাইস-প্রিন্সিপাল সারা হারনানদাজ । অতিথি আবৃত্তিকার সেলিম আফসারী রবীন্দ্রনাথ ঠাকুর ও শামসুর রাহমানের কবিতা আবৃত্তি করেন । স্কুলের গাইডেস কাউন্সেলর কামেলা স্মিথ শামসুর রাহমানের 'স্বাধীনতা তুমি' কবিতার ইংরেজী অনুবাদ পড়ে শোনান । তাছাড়া হাসানআল আব্দুল্লাহ'র কবিতা পড়ে শোনান ইন্টারন্যাশনাল হাই স্কুলের নবম শ্রেণীর দুই ছাত্র এ্যারেন ও সুমন । স্বরচিত কবিতা পড়েন আরেক ছাত্র আব্দুল মুহিত । হাসানআল আব্দুল্লাহ বাংলা ক্যালেন্ডারের উৎপত্তির ইতিহাস তুলে ধরেন এবং ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানান তাঁর জন্মদিন পালনের জন্যে । তিনি তাঁর 'নির্বাচিত কবিতা' থেকে দু'টি কবিতা আবৃত্তি করে শোনান । পরিশেষে কেব কেটে বাংলা নববর্ষকে স্বাগত ও কবিকে জন্মদিনের শুভেচ্ছা জানানো হয় । অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন স্কুলের প্রিন্সিপাল বারনারডো এসকনা, মিস্টার ডেকার, মিস ব্রামবাম প্রমুখ । কবিকে ফুলের তোড়া দিয়ে স্বাগত জানান স্কুলের একদল প্রাক্তন ছাত্রছাত্রী । ভিডিও নির্মাণ ও সার্বিক সহযোগিতায় ছিলেন আখতারুন ভূঁইয়া,

দেবাশিষ কর্মকার, আব্দুল হাই, আব্দুল আজিজ, সৈয়দ রেজা, সাদমান রহমান প্রমুখ। আপ্যায়নে ছিলেন ফ্যামিলি প্যারা মিস এরাগন।

বাংলা স্কুল

অন্যদিকে ৩ বৈশাখ (১৬ এপ্রিল) শনিবার ব্রহ্মসের 'বাংলা স্কুল'-এ অন্য এক অনুষ্ঠানের মাধ্যমে বর্ষবরণ ও কবির জন্মদিন পালিত হয়। স্কুলের প্রিন্সিপল জনাব আতাউর রহমান তাঁর স্বাগত বক্তব্যে বাংলা ও ইংরেজী ক্যালেন্ডারের মৌলিক পার্থক্যগুলো তুলে ধরেন। তিনি কবি হাসানআল আব্দুল্লাহকে জন্মদিনের শুভেচ্ছা জানান। অতিথিদের মধ্যে প্রফেসর নিকোলাস বার্নস বলেন, "নববর্ষে একজন কবির জন্মদিন এটি অত্যন্ত আনন্দের কথা। তবে তিনি শুধুই বাংলা ভাষার কবি নন। ইতিমধ্যে ইংরেজী কবিতায়ও তিনি একটি শক্ত অবস্থান গড়ে তুলতে পেরেছেন।" প্রফেসর বার্নস জীবনানন্দের কবিতার পাশাপাশি হাসানআল আব্দুল্লাহর কবিতারও ইংরেজী অনুবাদ পড়ে শোনান। লি হ্যারিসন গানে গানে স্কুলের ছেলেমেয়েদের মুগ্ধ করেন। এর আগে অনুষ্ঠান শুরু হয় 'এসে হে বৈশাখ' সমবেত সঙ্গীতের মাধ্যমে। বিভিন্ন পর্যায়ে স্কুলের ছাত্রছাত্রীদের কবিতা আবৃত্তি ও নববর্ষের সঙ্গীত পরিবেশনা ছাড়াও অন্যান্যদের মধ্যে কবিতা আবৃত্তি করেন কবি নাজনীন সীমন ও আবৃত্তিকার ফারুক ফয়সল। কবি হাসানআল আব্দুল্লাহকে জন্মদিনের মুকুট পরিবেশন করে স্কুলের দুই খুদে ছাত্রী। কবি তাঁর বক্তব্যে স্কুলের প্রিন্সিপল, শিক্ষকবৃন্দ ও ছাত্রছাত্রীদের প্রতি কৃতজ্ঞতা ও সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানান। সবশেষে কেক কেটে জন্মদিনের আনন্দ সবার সাথে ভাগাভাগি করে নেয়া হয়। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন স্কুলের শিক্ষিকা রোজিনা ইসলাম। শিল্প নির্দেশনায় শেখ হারুনুর রশিদ ও ক্যামেরায় ছিলেন মতিউর রহমান।

কবিগৃহ

কবি পরিবার ও বন্ধুদের আয়োজনে ৪ বৈশাখ (১৭ এপ্রিল) কবিগৃহে আয়োজিত হয় কবির জন্মদিন উপলক্ষে আরো একটি বিশেষ অনুষ্ঠান। আবৃত্তিকার ফারুক ফয়সলের উপস্থাপনায় শুরুতেই কবিকে শুভেচ্ছা জানান চিত্র পরিচালক কবির আনোয়ার। তিনি বাংলা কবিতায় হাসানআল আব্দুল্লাহকে একটি সুদৃঢ় অবস্থানে দেখার প্রত্যয় ব্যক্ত করেন। রবীন্দ্রসঙ্গীত শিল্পী ও ঘাতক দালাল নিমূল কমিটির নিউইয়র্ক শাখার সভাপতি শফি চৌধুরী বলেন, "হাসানআল ইতিমধ্যে মার্কিনীদের বিভিন্ন অনুষ্ঠানে আমাকে সঙ্গীত পরিবেশনের জন্যে আমন্ত্রণ করে নিয়ে গেছেন; তাঁর সাথে মার্কিনীসহ বহির্বিদেশের কবিদের যে একটি গভীর যোগাযোগ তা সত্যিই আশার সঞ্চার করে।" তিনি হাসানআল আব্দুল্লাহর উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বিভিন্ন পর্যায়ে শুভেচ্ছা বক্তব্য ও কবিতা পাঠে অংশ নেন নাইমুর রহমান, আবু রায়হান, আনিসুর রহমান অপু, নাজনীন সীমন ও জেরু চৌধুরী। সঙ্গীত পরিবেশন করেন শফি চৌধুরী, জলি রায়হান ও ফারুক ফয়সল। কবি জননী জোহরা খাতুন হাসানআল আব্দুল্লাহ'র বাল্যকালের স্মৃতিচারণ করেন। কবি অনুষ্ঠানে

উপস্থিত হওয়ার জন্যে সবাইকে ধন্যবাদ জানান ও কবিতা আবৃত্তি করে শোনান। পরিশেষে জন্মদিনের কেক ও নৈশ ভোজের আয়োজন করা হয়।

উল্লেখ্য কবি হাসানআল আব্দুল্লাহ গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলার অন্তর্গত তাঁর মাতুলালয় ঘোনাপাড়া গ্রামে ১৩৭৪ বাংলা (১৯৬৭) সালের ১লা বৈশাখ জন্মগ্রহণ করেন। বাবা একাত্তরের শহীদ নওশের আলী মিয়া, মা জোহরা খাতুন। 'নির্বাচিত কবিতা' সহ গদ্যে-পদ্যে গ্রন্থ সংখ্যা ২১। তিনি ম্যানহাটনে অবস্থিত ওয়াশিংটন আর্ভিং হাইস্কুলের ইউনিয়ন স্কয়ার বিজনেস একাডেমীর কোঅর্ডিনেটর ও গণিতের শিক্ষক হিসেবে কর্মরত।

শব্দগুচ্ছ'র সম্মান

সম্প্রতি ইন্টারনেট সূত্রে জানা যায় যে আন্তর্জাতিক দ্বিভাষিক কবিতা পত্রিকা 'শব্দগুচ্ছ'কে নিয়ে উইকিপিডিয়াতে একটি পেজ নির্মিত হয় এবং সেখানেও যথার্থীতি বাঙালীর পরম সম্পদ 'ঈর্ষা' এসে ভর করে। অতএব বেশ ক'জন উইকি ব্যবহারকারী নিজস্ব উদ্যোগে ঝাঁপিয়ে পড়েন পেজটি যথাসত্বর বন্ধ করার জন্যে। 'শব্দগুচ্ছ' যে কোনো প্রতিষ্ঠিত পত্রিকা নয় তা বর্ণনা করতে প্রায় দুই পৃষ্ঠার বিবরণ তুলে ধরেন ওইসব শুভানুধ্যায়ী! বলা হয়, "যদি 'শব্দগুচ্ছ'র ১২ বছরের উপরে প্রকাশনার প্রমাণ থাকে তবে 'সচলায়তন' ও 'সামহারইন' এর মিলিয়ন পাঠক রয়েছে এবং এইসব পত্রিকা বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করেছে। অতএব 'শব্দগুচ্ছ'র আগে ওইসব পত্রিকা নিয়ে উইকিপিডিয়াতে প্রবন্ধ ছাপানো উচিত।" অন্যদিকে 'শব্দগুচ্ছ'র পক্ষে বলা হয়েছে, "এই পত্রিকাটি বাংলা ভাষার প্রথম ওয়েব ম্যাগাজিন, এবং বাংলা কবিতায় এর যথেষ্ট অবদান রয়েছে। ওয়েবে আছে ১৯৯৮ সাল থেকে।" ধারণা করা হয় যে উইকিপিডিয়ায় 'শব্দগুচ্ছ'র উপর প্রবন্ধের লেখক বাংলাদেশে বসবাসরত কোনো সাহিত্যরসিক; তিনি আবেদন জানান, "পেজটিকে টিকিয়ে রাখতে বিদেশে বসবাসরত বাঙলাভাষী কোনো বন্ধুর সহায়তা চাইছি।" কিন্তু সে সহায়তা তিনি পাননি; গল্পের 'ঈর্ষা' অতি দ্রুত 'শব্দগুচ্ছ'র পা ধরে উইকিপিডিয়া থেকে টেনে নামিয়ে নিয়েছে। উল্লেখ্য, উইকিপিডিয়া তথ্যনির্ভর একটি উন্মুক্ত ওয়েবসাইট; তবে এখানে বাঙালীদের যতো 'গডডালিকাপ্রবাহ' ও 'ঈর্ষা'র প্রতিফলন দেখা যায়, অন্য কোনো জাতিগোষ্ঠীর ক্ষেত্রে তা একেবারেই নেই বললে চলে।

LETTERS TO THE EDITOR:

1.

প্রিয় হাসান ভাই,

শুভেচ্ছা নিবেন। আপনাকে আমি মনে রেখেছি। আমি জানি না, আমাকে আপনি চিনতে পারবেন কিনা। যদি আপনার স্মরণ কর্তৃক একটু ঠাই থাকে তাহলে জবাব পেলে নিজেকে ধন্য মনে করবো।

আপনার 'শব্দগুচ্ছ'তে মাঝে মাঝে ঢুকি। ইংরেজী কম বুঝি বলে সেগুলো তেমন পড়া হয় না। তবে বাংলাগুলো ঠিকই পড়ি। শব্দগুচ্ছ ওয়েব পেজ এতই ভারী যে ওপেন হতে বেশ দেরি হয়।

গত তিনটি মাসে অনেক কবিতা পড়েছি। যেহেতু কবিতা লেখার ক্ষমতা নেই, তাই আমার জন্যে পড়াটাই উত্তম। মুক্তমনায় আপনি একটি সুন্দর কবিতা দিয়ে মন্তব্য করেছিলেন। কিন্তু সেটা যে কোথায় আছে, খুঁজে পাচ্ছি না। কবিতাটি ঈশ্বরের অস্তিত্ব বিষয়ক ছিল। সম্ভবত অভিজিৎ রায়কে মন্তব্য করতে গিয়ে কবিতাটির উল্লেখ করেছিলেন। কবিতাটি পেলে আমি মুগ্ধ করবো।

এবার বইমেলায় নিশ্চয়ই আসছেন। আশা করি লম্বা চুলওয়ালা কবিকে দেখতে পারবো। কাছে ভিড়তে হয়তো পারবো না। আমার মত এক ক্ষুদ্র মানুষের পক্ষে আপনার মত এমন মহান কবির সান্নিধ্য পাওয়া যদিও ভাগ্যের ব্যাপার, তবুও কাছে যেতে সাহসে কুলাবে না।

আমার এ জীবনটা একদমই ব্যর্থ। আমার দ্বারা কিছুই হলো না। তাই শুধুমাত্র পাঠক হয়ে বাকি জীবনটা পার করে দেয়া ছাড়া আর কোনো গতি নেই। শব্দগুচ্ছ ছাড়া অন্য কোথাও আপনার ব্লগ থাকলে দয়া করে জানাবেন।

যাহোক, আপনার সর্বাঙ্গীন মঙ্গল কামনায়—

মাহফুজ হক, ঢাকা
৩১ জানুয়ারী, ২০১১

2.

আমি লস এঞ্জেলসে থাকি। আজ ফেসবুকে এনওয়াইনিউজ৫২.কম এর লিঙ্ক থেকে আপনাকে আবিষ্কার করি, আপনার লেখা আগে পড়েছিলাম হয়তো কোনো পত্রিকায়। তবে আমি মুগ্ধ হয়েছি “শব্দগুচ্ছ” দেখে। এর কথা আগে জানতাম না। কয়েকটা ইস্যু দেখে আমার খুব ভালো লাগলো। নিজের জন্যে টুকটাক কিছু লিখি, এছাড়া বাংলা ভাষার জন্যে ভেতর থেকে খুব টানে। আমি তাড়াতাড়ি সদস্য হয়ে যাবো। আপনার পরিশ্রমে বাংলা ভাষা বিশ্বে ঠাই পাক।

হামিদা রহমান
১৩ মার্চ, ২০১১

3.

Hey, Thanks, Hassanal. You're a gentleman and a scholar, as they say. Happy New Year, if it's not too late to wish you one. May 2011 be the best ever.

Tino Villanueva, Boston
Feb 5, 2011

4.

Dear Hassanal,

Thank you so much for the latest, more and more professional issue of *Shabdaguchha*.

I am delighted to see how well you provided a printed tribute to Aleksey, the first so far, with such friends as Maria Mazziotti Gillan, too, included in it, on an incidental basis.

There are some minor flaws and one major one:

1. You misspelled my name in your editorial: Stanly—>Stanley. Nothing to get excited about.

2. I misspelled a word in my tribute: *Fragmant—Fragrant*. Also nothing to get excited about.

3. And this is more significant: You insisted on footnoting a different birth year for Aleksey and repeated the mistake in his bio, when I sent you a corrected bio, despite our telephone conversation about this. And you omitted (1976-2010) from the title of my piece. Hassanal, when I tell you something about something as significant as this, you must show me the respect of honoring my statement. I didn't make this change in his birth year lightly. I was given this information from his very best Russian friend, Mark Polyakov, who spoke with Aleksey's mother about this. Do you think his mother doesn't know the year of Aleksey's birth?! It's no big deal that you have printed this in a way that brings into question my ability to accurately provide significant facts.

What IS significant is that you question my judgment, my assurances, and that impacts on your respect or lack of respect for me.

Regarding this issue, I'd like to buy some more copies to send to those who are mentioned in it (or we could swap some copies of *Breath of Bengal*, whichever you prefer). We can do this on Sunday, January 16, at the Literary Tribute, at which time I hope you would read one of the poems of Aleksey's you've published in *Shabdaguchha*, or a translation of one of his poems, should you care to do it. To repeat myself, although the Literary Tribute is not for commercial purposes, I still think it would be good for you to bring enough copies for possible purchase by those who honor Aleksey's memory; and do think that supporting you magazine, in view of your generous first printed tribute to Aleksey should be acknowledged in this manner.

All good wishes to you and Seamon and Ekok, and belated Happy Birthday! to both of the latter. With appreciation,

Stanley H. Barkan
Dec 31, 2010

5.

Dear Hassanal,

Thanks for the reply—and the idea of mentioning the Poet To Poet shows (that we're currently putting up at YouTube) in the next Shabdaguchha. That's very kind of you. It takes about two hours to digitize and re-master each show, put on the new credits, cut it into two short segments, and render it as a video file. Then, to finally uploading it to YouTube can take another two hours—but we really feel the shows come off well, considering that they were done on VHS and in the early 1990's.

I'm expecting that we'll get to all the videos eventually, but at this point—and since the several cartons filled with the old VHS tapes are up at Bob's place in CT—we'll have to upload them as Bob pulls them out of the boxes. We're trying to *not* favor any P2P featured guest over another—I *could* ask him to look for your tape (you featured with Irene Mallinger, wasn't it?) but he's been basically asking me to NOT make him locate any individual tapes because there's too many cartons of tapes, and it's a bit of a hassle for him to find any one particular tape among them. Nevertheless, I'll mention that you're hoping he finds your tape—if he has extra time, maybe he'll locate it. Then again, I might be going up to CT in the next month or so—if I do, I'll try to find it for you, so we can work on it sooner, rather than later. It's just that there are a lot of boxes with a lot of tapes in each one.... Warm regards, as always,

Leigh Harrison

Feb 4, 2011

6.

শুদ্ধেয় এবং প্রিয় হাসান ভাই,

ভাল আছেন নিশ্চয়ই। চিঠিটি লিখছি আপনাকে ধন্যবাদ দেওয়ার জন্য। বইমেলায় আপনি আপনার 'কবিতার ছন্দ' বইটি উপহার দিয়েছিলেন। আমি বরাবরই সামনাসামনি ধন্যবাদ দিতে পারি না। এ আমার সীমাবদ্ধতা। বইটি আমায় কতখানি উপকার করেছে, ব্যাখ্যা করতে পারব না। অসংখ্য ধন্যবাদ আপনাকে। শব্দগুচ্ছ এই সংখ্যাটিও অন্যান্য সংখ্যাগুলোর মতই অসাধারণ লেগেছে। কয়েকটা কবিতা পাঠালাম; কেমন লাগল জানালে ভাল লাগবে। আপনার শুভ কামনায়—

রাসেল আহমেদ

৬ এপ্রিল, ২০১১

7.

যে কাজ আপনি করে চলেছেন শব্দগুচ্ছের দ্বারা তার জন্য অভিনন্দন। 'বিশ্ব কবিতার কয়েক ছত্র' ছোটো হলেও ভালো লাগলো।

কুমার দ্বীপ

৯ মে, ২০১১

CONTRIBUTORS:

Yoon-Ho Cho, born in 1938 in South Korea, is the author of five poetry books. Currently, he is the editor of *Korean Expatriate Literature* and the ex-officio president of the Korean Expatriate Literary Association. An active member of the American PEN Center. He lives in California.

Rachel S. Rhee, born in 1978 in South Korea, she received the Korean Expatriate Literature Translation Award in 2000. A graduate of the University of Chicago with a B.A. in English Literature and an M.A. in Clinical Counseling at Eastern University, she is now a full-time therapist in Illinois.

Meesoon Bae, born in 1947 in South Korea, is a poet, the staff editor of *Korean Expatriate Literature*, and the publishing editor of *Joong-Ang Daily Newspaper*. She received many awards such as Yeowon Woman Writers Award(Korea 1970), Public Library Editors Choice Award (1993-94), Korean Expatriate Grand Prize (2006), and Korean Literature Society of America Grand prize(2007), etc.

Rev. Jacob Kim is the pastor at Full Life Christian Fellowship Church. He graduated from Seoul National University in Korea with BA degree in Philosophy. He graduated from North Park Theological Seminary. He is currently the editor of *Our Daily Bread*.

Tina L. Sallee is a professional translator in Florida. She translates Korean literary work into English. She has translated five Korean novels into English, which includes *One Human Family and Other Stories, A Sketch of the Fading Sun*, etc.

Chung-Woong Bae, born in 1938 in South Korea, is the author of five poetry books including *Birds couldn't Sing in Peru*. He is the winner of Korean Expatriate Literature Grand Prize. Currently, he is the president of Gasan Literature Award, and the chief editor of *Miju Poetry & Poetics*.

Ok-Bae Kim, born in 1938 in South Korea, she has BA degree in Korean Literature from Ehwa Women's University(Korea). She is the winner of New poet award from Segi Literature(Korea) and the winner of Korean Expatriate Literature Grand Prize in 2009. She published poetry collections: *Rivers of Sweet Memories, Love Story, and The Most Beautiful Thing in the World*, etc.

Irene S. Yoon, a poet-translator and staff editor of *Korean Expatriate Literature*, she has a B.A. in English Literature from Ehwa Women's University (Korea) and an M.A. in TESOL from Fairleigh Dickinson University. A winner of the Korean Expatriate Literature Translation Award in 2008, she translates English and Korean poems bilingually.

Chang Yoon Lee, born in 1940 in South Korea, is a winner of Korean Expatriate Literature Grand Prize in 2004. He published three poetry collections: *The Seashore of the Leaves, River Runs through from Afar*, and *Writing Letters of Spring again*. He is an obstetrician gynecologist, professor at Michigan State University Medical School.

Andy Kim: He graduated from Kyung Hee University in Seoul, Korea with BA in English Language and Literature. He is currently a professional translator and president of Young English Institute.

Hye-shin Lim: Born and raised in South Korea. Received BA degree from the ChungBuk University (Korea). She earned BS degree from the University of Florida. She published a poetry book: *The Forest of Illusion*, 2001, and a collection of literary essays: *Contemporary American Poetry*, 2005. She lives in Florida.

Hassanal Abdullah introduced *Swatantra Sonnets* with seven-seven stanza and abcdabefgdefg rhyming scheme. Mr. Abdullah, an author of 21 books in various genres, also wrote an epic in which he searched for the relation between human beings and various aspects of the Universe. He is a New York City High School Math teacher.

Jyotirmoy Datta Poet and essayist and a significant critic of the Bengali literature. He worked for *The Statesman*, Kolkata's oldest English-language daily, as a feature writer, correspondent, and associate editor. He visited the University of Chicago as a lecturer, 1966-1968, and also did a residency at the University of Iowa. He has published 2 collections of poetry and his *Collected Short Sotries*. Mr. Datta lives in New Jersey.

Naznin Seamon is a graduate student of English literature at Queens College of CUNY. Her first book of poetry, *Adigonta Bistirnoter Dhala* (Hollowness in the Horizon), published in February, 2000 and was reprinted in 2004. Her second book, *Prototo Raktakto Chitker* (2008), a collection of short stories, was published by Ananya. In February 2011, her third book, a collection of poetry, was published by Shabdaguchha Press. She is the recipient of the Shabdaguchha Poetry Award 2007.

Rassel Ahmed is a poet of the first decade of the 21st century. He is a student of Dhaka College. Rassel is the nominee of the Shabdaguchha Poetry Award 2011.

Maria Bennett teaches creative writing at Hostos Community College of the City University of New York, where she has been an Assistant Professor of English for twenty-seven years. She has published one book of poetry entitled *Because You Love*.

Kalikrishna Guha is a Bengali poet and critic. His Selected Poems was published recently from West Bengal, India, which was translated by Gobindachandra Ghosh. *Kotokaler Jharbrishiti* is his latest collection of poetry.

Sardar Faruque is a poet of the 80's and a physician. He finished his post graduate diploma in family medicine from USTC and now practicing in Dhaka. He is involved in various poetry related activities.

Suman Dhara Sharma is a poet from Kolkata. He is the author of one collection of poetry, *Shitaatapnyontrito*, published in 2011.

Munib Rezwani lives in Germany. He is a poet and a poetry reciter who recently got involved in translating Bengali poetry into English.

Prang Basak, a Bengali poet, lives in New Delhi.

Kawsary Malek Rosy is a physician. She is the author of one collection of poetry. She lives in Pennsylvania.

Robiul Manik works for the garments sector as an assistant general manager in production. He has recently been writing sonnets in the Swatantra Sonnet form. He lives in Dhaka.

২০১১-র নতুন বই

কবিতা:

কালীকৃষ্ণ গুহ, কতকালের ঝড়বৃষ্টি, পত্রলেখা, কলকাতা
 রফিক আজাদ, সুন্দরের দিকে চোখ রেখে, নান্দনিক, ঢাকা
 কামাল চৌধুরী, কবিতা সংগ্রহ, বিদ্যাপ্রকাশ, ঢাকা
 বায়তুল্লাহ কাদেরী, প্রিয় মধ্যবিত্ত, আমি কিন্তু ডাকছি আসুন, ধ্রুবপদ, ঢাকা
 রহমান হেনরী, দুঃখ ও আরো কিছু আনন্দ, ভাষাচিত্র, ঢাকা
 হাসানআল আব্দুল্লাহ, ছড়া মহাশয়, অনন্যা, ঢাকা
 জফির সেতু, তাঁবুর নিচে দূতাবাস, শুদ্ধস্বর, ঢাকা
 নাজনীন সীমন, একটি বিড়াল ও আমার দুঃখ, শব্দগুচ্ছ, ঢাকা-নিউইয়র্ক
 তারেক মাহমুদ, কুড়ি বছরের কবিতা, জনাস্তিক, ঢাকা
 মিতুল দত্ত, যে মেয়েটি গোপনে গীটার, শুদ্ধস্বর, ঢাকা
 জাফর আহমদ রাশেদ, দোনামোনা, সংবেদ, ঢাকা
 সোহেল হাসান গালিব, রক্তমেমোরেন্ডাম, ভাষাচিত্র
 মাসুদ হাসান, হৃদয়ে হলুদ ডাকটিকেট, অনন্যা, ঢাকা
 মজনু শাহ, জেব্রামাস্টার, ভাষাচিত্র, ঢাকা
 রনি অধিকারী, আকাজ্জ্বার জলশয্যা, অনুভূতি, ঢাকা
 রনজু রাইম, দেবতাগণ, কবিতাসংক্রান্তি, ঢাকা
 পিয়াস মজিদ, মারবেল ফলের মওসুম, শুদ্ধস্বর, ঢাকা

কবিতা বিষয়ক গদ্য:

রফিকউল্লাহ খান, অবচেতন এবং কবিতা, ধ্রুবপদ, ঢাকা
 আবু হাসান শাহরিয়ার, আমরা একসঙ্গে হেঁটেছিলাম, ভাষাচিত্র, ঢাকা
 হাসানআল আব্দুল্লাহ, কবিতার ছন্দ, (২য় সং) মাওলা ব্রাদার্স, ঢাকা

CONTRIBUTORS

Andy Kim

Chang Yoon Lee

Chung-Woong Bae

Hassanal Abdullah

Hye-Shin Lim

Irene S. Yoon

Jacob Kim

Jyotirmoy Datta

Kalikrishna Guha

Kawsary Malek Rosy

Maria Bennett

Meesoon Bae

Munib Rezwan

Naznin Seamon

Ok-Bae Kim

Prang Basak

Rachel S. Rhee

Rassel Ahmed

Robiul Manik


Sardar Faruque

Subir Sarkar

Suman Dhara Sharma

Tina L. Sallee

Yoon-Ho Cho



হাসানআল আব্দুলাহর নির্বাচিত কবিতা


১৯৯০ থেকে ২০১০ এই বিশ বছরে
প্রকাশিত কবির ১০ খানা কাব্যগ্রন্থ
থেকে সঙ্কলিত

প্রচ্ছদ: প্রব এষ, মূল্য: ৩০০ টাকা
প্রকাশক: অনন্যা



নাজনীন সীমন-এর নতুন কবিতার বই একটি বিড়াল ও আমার দুঃখ

শব্দগুচ্ছ প্রেস, বইমেলা, ২০১১
মূল্য: ৫ ডলার
প্রচ্ছদ: হাসানআল আব্দুল্লাহ



মহাপৃথিবী

শব্দ রক্ষিত সম্পাদিত ত্রৈমাসিক এই কবিতার
কাগজটি প্রকাশিত হচ্ছে ৪১ বছর ধরে

কবিতা পাঠানোর ঠিকানা:

Mahaprithivi
Birinchiberia, Purba Sreekrishnapur,
Purba Midnapore 721635, W. B., INDIA

হালাল মাংশ, মাছ, মশলাপাতি ও তরতাজা সজির জন্যে

পসরা

আপনাদের নিকটতম ধ্রোসারী, সুলভ মূল্যের নিশ্চয়তা দিচ্ছে
আমরা সপ্তাহে সাতদিনই খোলা থাকি

ফ্রি ডেলিভারীর ব্যবস্থা আছে

যোগাযোগ: পসরা ইনক 85-39 Parsons Blvd, Jamaica, NY 11432

Phone: (718) 658 6676

Shabdaguchha Press

Woodhaven, New York

ISSN 1531-2038